


প্রকাশ : বৃহস্পতিবার, ১৭ ডিসেম্বর, ২০১৫ ০০:০০ টা
আপলোড : ১৭ ডিসেম্বর, ২০১৫ ০২:৪৭

প্রিন্ট ভার্সন

Share

প্রিন্ট করুন 

মুক্তিযোদ্ধাদের হোল্ডিং ট্যাক্স মওকুফের সুপারিশ করবেন ঢাকার দুই মেয়র

| নিজস্ব প্রতিবেদক

গড় রেটিং: 0/5 (0 টি ভোট গৃহিত হয়েছে)

মুক্তিযোদ্ধাদের বাড়ির হোল্ডিং ট্যাক্স মওকুফ করার সুপারিশ করা হবে বলে ঘোষণা দিয়েছেন ঢাকা উত্তর সিটি মেয়র আনিসুল হক এবং দক্ষিণ সিটি মেয়র সাঈদ খোকন। গতকাল দুপুরে মহান বিজয় দিবসে মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা ও পুনর্মিলনী অনুষ্ঠানে তারা এ ঘোষণা দেন। বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারবর্গের জন্য সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে দক্ষিণ সিটি করপোরেশন। অনুষ্ঠানে মুক্তিযোদ্ধারা হোল্ডিং ট্যাক্স মওকুফ ও মুক্তিযোদ্ধাদের নামে রাস্তা করার দাবি জানান। দুই সিটির মেয়র তাদের দাবি মেনে নিয়ে সংশ্লিষ্ট মহলে সুপারিশের প্রতিশ্রুতি দেন।

অনুষ্ঠানে মুক্তিযোদ্ধা, সেক্টর কমান্ডার ও তাদের পরিবারের স্বজনরা ছাড়াও দুই সিটির বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী ও কাউন্সিলররা উপস্থিত ছিলেন। মেয়র সাঈদ খোকন বলেন, মুক্তিযোদ্ধাদের হোল্ডিং ট্যাক্স মওকুফ করার একটি সুপারিশ স্থানীয় সরকার মন্ত্রণালয়ে রয়েছে। আমি এবং উত্তরের মেয়র স্থানীয় সরকার মন্ত্রীকে ট্যাক্স মওকুফ করতে অনুরোধ জানাব। ভবিষ্যতে মুক্তিযোদ্ধাদের নামে ঢাকার সড়কগুলোর নামকরণ করা হবে। মুক্তিযোদ্ধাদের জন্য জুরাইনের কবরস্থানে দেড় একর জায়গা সংরক্ষিত রাখা হয়েছে বলেও তিনি জানান। জীবন দিয়ে যে স্বাধীনতা এনে দিয়েছেন আমাদের সবকিছু দিলেও এ ঋণ শোধ করা যাবে না। দোয়া করেন, আপনাদের স্বপ্ন যেন বাস্তবায়ন করতে পারি। উত্তর সিটির মেয়র আনিসুল হক বলেন, মুক্তিযোদ্ধাদের দেওয়ার মতো আমাদের কিছু নেই। আমাদের গায়ের চামড়া কেটে দিয়েও ঋণ শোধ করা যাবে না। আপনাদের নামে সড়কের নামকরণও করা হবে।